**বর্ধমান জিলা পরিষদ**
**করিগরি বিভাগ**
**কোর্ট কম্পাউন্ড বর্ধমান-৭১৩১০১**

স্মারক সংখ্যা :- বিই/মার্কেট কমপ্লেক্স/৪৬৯ তারিখ :- ২৩/০৪/১৫

## ব্যবসায়িক কেন্দ্রের দোকানঘরগুলির ইজারার জন্য দরপত্র আহ্বান (সীল মোহর খামের মাধ্যমে )

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, বর্ধমান জিলা পরিষদের অধীন ক। রায়না-১ পঞ্চায়েত সমিতির অন্তর্গত মিরেপোতা মার্কেট কমপ্লেক্সের নীচের তলার খ। কাঁকসা পঞ্চায়েত সমিতির অন্তর্গত বামুন-আরা মার্কেট কমপ্লেক্সের দ্বিতলের গ। রাণীগঞ্জ মিউনিসিপিলিটির অধীন রাণীগঞ্জ মার্কেট কমপ্লেক্সের নীচের তলার অবশিষ্ট দোকানঘর সমূহের জন্য সীল মোহর করা খামে দরপত্র আহ্বান করা হইতেছে।দরপত্র শেষ দিনের আগেও জমা দেওয়া যাইবে।

ইচ্ছুক ব্যক্তি বা সংস্থাকে দরপত্র জমা দিবার পূর্বে ঘরের অবস্থান, উভয় দিকের রাস্তা ইত্যাদির বিষয়ে সম্যক বিবেচনা করিয়া দরপত্র জমা দিতে হইবে। পরে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না। প্রতিটি ঘরের জন্য আলাদা আলাদা ভাবে দরপত্র সাদা কাগজে দর উল্লেখ সহ নিম্নলিখিত তথ্য সহ জমা দিতে হইবে।

১. সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতি হইতে পরিচিতি (নাম, পিতা সহ সম্পূর্ণ ঠিকানা থানার নাম ইত্যাদি)
২ ভোট দেবার পরিচয় পত্রের নকল
৩ নির্দিষ্ট জামিন জমার অর্থ ড্রাফট বা পে-অর্ডার মারফৎ জিলা বাস্তুকার, বর্ধমান জেলা পরিষদ এর অনুকূলে বর্ধমান শহরের উপর কোন সিডিউল ব্যাঙ্ক এর উপর প্রদেয় হইবে।(Draft/Pay Order will be in favour of **District Engineer , Zilla Parishad, Burdwan, payable at Burdwan**)
৪ সমবায় সংস্থা/পার্টনারসিপ সংস্থা ইত্যাদির আবেদন হইলে তৎসংক্রান্ত তথ্যের নকল ইত্যাদি আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে।

সর্বোচ্চ সফল ডাক দাতাকে বাকি অর্থ পরবর্তী ৭ দিনের মধ্যেই নগদে অথবা ব্যাঙ্ক ড্রাফট্ এর মাধ্যমে জিলা বাস্তুকার, বর্ধমান জেলা পরিষদে জমা দিতে হইবে । বর্ধমান জেলা পরিষদের কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ৭ দিনের মধ্যে কুবলিয়ত পত্র জিলা পরিষদের নির্দেশমত ২ জন বিশিষ্ট জামিনদাতার নাম, ঠিকানা ও সহি সহ লেখা পড়া করিয়া রেজিষ্ট্রি করিয়া দিতে হইবে, অন্যথায় বন্দোবস্ত বাতিল বলিয়া গন্য হইবে। দরপত্র পরের কাজের দিন অর্থাৎ ২০ মে ২০১৫ বুধবার দুপুর ১২.০০ ঘটিকার পর জিলা বাস্তুকারের কার্যালয়ে খোলা হইবে।

জিলা পরিষদের নির্ধারিত দিনেই দোকানঘর হস্তান্তর করা হইবে এবং ঐ দিন থেকেই মাসিক লাইসেন্স ফি প্রযোজ্য হইবে।

**দরপত্র জমা দিবার স্থান:-** নিম্ন স্বাক্ষরকারীর অফিস/আসানসোল কোর্ট কমপাউন্ড স্থিত বর্ধমান জিলা পরিষদের সহ বাস্তুকারের অফিস।

**দরপত্র জমা দেওয়ার শেষ সময় ও তারিখ :-** ১৯ মে ২০১৫ (**মঙ্গলবার**) বৈকাল ৪ ঘটিকার মধ্যে।

**দরপত্র খোলার সময় ও তারিখ:-** দরপত্র দাখিলকারিদের উপস্থিতিতে ২০ মে ২০১৫ (**বুধবার**) দুপুর ১২.০০ ঘটিকায় জিলা বাস্তুকারের কার্যালয়, বর্ধমান জিলা পরিষদ।

### বিশদ বিবরণ

| মার্কেট কমপ্লেক্স | দোকান ঘরের অবস্থান | অফেরতযোগ্য জমিন জমা টাকার সর্বনিম্ন পরিমান (টাকা) | বায়না জমা টাকার পরিমান (টাকা) | মাসিক ভিত্তিতে প্রদেয় লাইসেন্স ফি এর সরকারী হার (টাকা ) |
|---|---|---|---|---|
| মিরেপোতা | নীচেতলায় ১৬ টি ঘর | ১৩৫০/- প্রতি বর্গফুট | ৩০,০০০/- | ৭ টাকা প্রতি বর্গফুট প্রতি মাসে |
| বামুন-আরা | দ্বিতলে কম বেশী ৯০০০ বর্গফুট | ২,০০০/- প্রতি বর্গফুট (অন্ততপক্ষে ১২০ বর্গফুট বা এর দ্বিগুন,তিনগুন ইত্যাদি হারে লইতে হইবে) | ৪০,০০০/- | ৭ টাকা প্রতি বর্গফুট প্রতি মাসে |
| রাণীগঞ্জ | নীচেতলায় অবশিষ্ট ঘর | ৫,০০০/- প্রতি বর্গফুট | ৫০,০০০/- | ৭ টাকা প্রতি বর্গফুট প্রতি মাসে |

উক্ত ঘরগুলির এককালিন ৩ বৎসরের মেয়াদী লাইসেন্স মূল্যে অস্থায়ী বন্দোবস্ত দেওয়া হইবে। উক্ত মেয়াদ অন্তে প্রদত্ত লাইসেন্স ফি প্রতি ৩ বৎসর অন্তর জিলা পরিষদের নিয়ম ও পুরাতন অপরিবর্তিত শর্তে ১০% হইতে ৩০% পর্যন্ত বর্ধিত করিয়া ১৫ বৎসর অবধি নবীকরণ করা যাইবে। দরপত্রে অংশগ্রহণ করিবার পূর্বে সংগৃহীতব্য একটি চুক্তি পত্রের নকল এবং এই বিজ্ঞপ্তির নকলের সমস্ত পৃষ্ঠায় সহি করিয়া ও যথাযথ জায়গায় সাক্ষীর স্বাক্ষর সহ জমা দিতে হইবে। দরপত্র ডাকে অংশগ্রহণকারী ব্যক্তি /ব্যবসায়ী/ প্রতিষ্ঠানকে নিম্নলিখিত নিয়ম ও শর্তাবলী যথাযথভাবে বুঝিয়া তবেই অংশগ্রহণ করিতে অনুরোধ করা যাইতেছে।

২৩/০৪/২০১৫
জেলা বাস্তকার
বর্ধমান

## নিয়ম ও শর্ত :-

১.সমবায় সহ সর্বক্ষেত্রেই দরপত্রে অংশগ্রহন করিবার সময় বায়না জমা হিসাবে প্রতিটি ঘরের জন্য বর্ধমান জিলা পরিষদের পক্ষে উল্লেখিত টাকা ব্যাঙ্ক ড্রাফট/পে-অর্ডার আবেদন পত্রের সঙ্গে সীল করা খামে জমা দিতে হইবে,অন্যথায় দরপত্র গ্রাহ্য হইবে না।

২.দরপত্রে বর্ণিত মূল্য অফেরতযোগ্য প্রিমিয়াম হিসাবে গৃহীত হইবে।সকল ডাকদাতাদের ক্ষেত্রে অফেরতযোগ্য প্রিমিয়াম (সর্বোচ্চ ডাক মূল্য) বায়না জমা টাকার সঙ্গে সমন্বিত হবে এবং অসফল আবেদনকারীর ক্ষেত্রে আবেদনক্রমে পরে তাহা ফেরত দেওয়া হইবে।

৩.সর্বোচ্চ সফল ডাকদাতাকে বাকী অর্থ পরবর্তী ৭ দিনের মধ্যেই নগদে অথবা ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে জিলা বাস্তুকার , বর্ধমান জিলা পরিষদ এর নামে জমা দিতে হইবে। সর্বোচ্চ সফল ডাকদাতা কোন কারনে ঐ দিনের মধ্যে দরপত্রে বর্ণিত মূল্য আদায় না দিলে এই বাবদ সমস্ত প্রদেয় অর্থই বাজেয়াপ্ত হইবে ও ঘরটির পুনরায় দরপত্র আহ্বানের ব্যবস্থা করা হইবে।

৪.যে সমস্ত বক্তি বা প্রতিষ্ঠান জিলা পরিষদে দেয় টাকা ইতিপূর্বে পরিশোধ করেন নাই বা বেনামী করিয়া অন্য স্থানে নিলাম ডাকে অংশগ্রহণ করেন বলিয়া প্রমান হয় তাহাদিগকে ডাকে অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না।

৫.ঘরগুলির জন্য প্রতিমাসে প্রদেয় লাইসেন্স ফি চুক্তি অনুযায়ী জমা দিতে হইবে। তাহা ছাড়া বিদ্যুৎ ব্যয়, পঞ্চায়েত কর/পৌর কর ও অন্যান্য আনুসাঙ্গিক ব্যয় তাঁহাদিগকে নিজ ব্যায়ে মিটাইতে হইবে।

৬.সর্বোচ্চ ডাক জিলা পরিষদের চুড়ান্ত অনুমোদন সাপেক্ষে গ্রহন করা হইবে। প্রকাশ থাকে যে, জিলা পরিষদ কর্তৃপক্ষ কোন কারন না দর্শাইয়া এই বিজ্ঞপ্তির উত্তরে প্রাপ্ত সর্বোচ্চ ডাকের যে কোনটি অথবা সমস্ত দরপত্রগুলি বাতিল করিবার বা অনুমোদন করিবার অধিকার সংরক্ষিত রাখিতেছেন।

৭.দোকান ঘরগুলির লাইসেন্স প্রথমে ৩ বৎসরের জন্য প্রদেয়। উক্ত মেয়াদ অন্তে প্রতি ৩ বৎসর অন্তর জিলা পরিষদের নিয়ম ও অপরিবর্তিত শর্তে লাইসেন্স ফি ১০% হইতে ৩০% পর্যন্ত বর্ধিত করিয়া ১৫ বৎসর অবধি নবীকরন করা যাইবে।

৮.দরপত্রের অংশগ্রহণকারীগনকে অনুরোধ করা যাইতেছে যে, দর দিবার পূর্বে দোকান ঘরগুলির অবস্থান, মাপ, সুযোগ সুবিধা, লাইসেন্স ফি প্রদানের নিয়ম ও শর্ত ইত্যাদি দেখিয়া এবং উপরোক্ত বিষয়সমূহ সবর্বতোভাবে বুঝিয়া তবেই ডাকে অংশগ্রহণ করিবেন, পরে এই বিষয়ে কোন ওজর, আপত্তি ইত্যাদি গ্রাহ্য হইবে না।

৯.জিলা পরিষদের অনুমোদন ব্যতিরেখে কোনও লাইসেন্স হস্তান্তর করা যাইবে না।

১০.পরিবেশ দুষনকারী / উত্তেজক পানীয়/সরকারী ভাবে নিষিদ্ধ দ্রব্য বা বস্তু ইত্যাদি কোন দোকানে বিক্রয় করা যাইবে না।

১১.জিলা পরিষদ নির্ধারিত অফেরতযোগ্য জমিন জমার নিম্নে কোন দর গৃহীত হইবে না।

১২.একই অঙ্কে একাধিক ব্যক্তি/সংস্থা দরপত্র দাখিল করিলে লটারির মাধ্যমে চুড়ান্ত নিস্পত্তি হইবে।

জেলা বাস্তকার
বর্ধমান

স্মারক সংখ্যা :- তিই/মার্কেট কমপ্লেক্স/৪৬১/১ তারিখ :- 26/08/15

প্রতিলিপি ডি আই এ মহাশয়ের নিকট www.burdwanzp.org ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল।

জেলা বাস্তকার
বর্ধমান

স্মারক সংখ্যা :- তিই/মার্কেট কমপ্লেক্স/৪৬১/১/২০০ তারিখ :- 26/08/15

প্রতিলিপি মাননীয় সভাধিপতি/জেলা শাসক বর্ধমান ও নির্বাহী আধিকারি, বর্ধমান জিলা পরিষদ / অতিরিক্ত নির্বাহী আধিকারিক বর্ধমান জিলা পরিষদ /কর্মাধ্যক্ষ্য পূর্ত্তকার্য্য ও পরিবহন স্থায়ী সমিতি বর্ধমান জিলা পরিষদ/মহকুমা শাসক(সকল)/ সভাপতি, পঞ্চায়েত সমিতি( সকল )/নির্বাহী আধিকারিক, পঞ্চায়েত সমিতি( সকল )/নির্বাহী বাস্তুকার, পশ্চিমবঙ্গ গ্রামীণ উন্নয়ন সংস্থা, জিলা পরিষদ/ '/সহকারী বাস্তুকার জিলা পরিষদ (সকল) / অবর সহকারী বাস্তুকার জিলা পরিষদ (সকল)/ নোটীশ বোর্ড, জিলা পরিষদ - এর নিকট বহুল প্রচারের জন্য প্রোরিত হল।পঞ্চায়েত সমিতি সভাপতি মহাশয়দের এলাকার সংশ্লিষ্ট প্রধান মহাশয়কে জ্ঞাত করার জন্য অনুরোধ করা হইতেছে।

জেলা বাস্তকার
বর্ধমান

বর্ধমান জিলা পরিষদ
করিগরি বিভাগ
কোর্ট কম্পাউন্ড বর্ধমান-৭১৩১০১
বিজ্ঞপ্তি

স্মারক নং-ডি ই/মাকর্টে কমপ্লেক্স / ৪৬৯ তারিখ- ২০/০৪/১৫

এতদ্বারা সর্বসাধারনকে জ্ঞাত করা যাইতেছে যে, বর্ধমান জিলা পরিষদের অধীনে ক। রায়না-১ পঞ্চায়েত সমিতির অন্তর্গত মিরেপোতা খ। কাঁকাসা পঞ্চায়েত সমিতির অন্তর্গত বামুন-আরা গ। রাণীগঞ্জ মিউনিসিপিলিটির সম্মুখে রাণীগঞ্জ মার্কেট কমপ্লেক্স দোকানঘর সমূহের জন্য সিল মোহর করা খামে দরপত্র আহ্বান করা হইতেছে। দরপত্র ১৯ মে ২০১৫ (মঙ্গলবার) বৈকাল ৪ ঘটিকার মধ্যে জমা দিতে হইবে।দরপত্র জমা দিবার পূর্বে বিস্তারিত তথ্য নিম্ন স্বাক্ষরকারীর অফিস/ www.burdwanzp.org তে জানিয়া লইবার জন্য অনুরোধ করা যাইতেছে।

২০/০৪/২০১৫
জেলা বাস্তকার
বর্ধমান